


পহেলা অক্টোবর রাত জেগে অপেক্ষা করেছি,
কিন্তু সুবর্ণ নোবেল পায়নি

জুবায়ের হাসান রাব্বি, পাবনা কলেজ



একদিন ফেফবুকে একটা ভিডিওতে হঠাৎ করেই চোখ আটকে যায়। ভিডিওতে ক্যাপশন ছিল "বাংলাদেশি ক্ষুদে আইনস্টাইনের অসাধারণ আবিষ্কার।" ভিডিওটা পুরোপুরি দেখে অবাক হয়ে যাই। ভিডিওতে যার কথা বলা হয়েছে, তার নাম সুবর্ণ আইজ্যাক বারী। যে শুধু বাংলাদেশের নয়, পুরো বিশ্বের গর্ব। আইনস্টাইন যেই বয়সে কথা বলেনি, সেই বয়সে সুবর্ণ আবিষ্কার করেছে গণিতের খিউরি। যেটা তাক লাগিয়ে দিয়েছে পুরো বিশ্বকে।

আমি সেদিন ভিডিওটা ডাউনলোড করি। ডাউনলোড করে অনেক মানুষকে দেখাই। আমি নিজেও অনেকবার দেখেছি। যতবার সুবর্ণর ভিডিওটা দেখছি। ততবার অবাক হয়েছি। বিজ্ঞান বিভাগের ছাত্র হওয়ার কারণে আমাকে মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিকে গণিত পড়তে হয়েছে। গণিত আমার কাছে প্রিয় সাবজেক্ট ছিল না। কিন্তু সুবর্ণর অসাধারণ এই আবিষ্কার দেখে আমার গণিতের প্রতি ভাল লাগা শুরু হয়। আমার স্যার একবার বলেছিল, "যে কারো থেকে শিক্ষা গ্রহণ করা যায়। বয়সে ছোট হলেও, তার থেকে শিক্ষা গ্রহণ করা যায়।" আমি সুবর্ণর কাছ থেকে অনেককিছু শিখেছি। অনুপ্রেরণা পেয়েছি।

কোন নতুন সিনেমা বের হলে আমরা সেটার জন্য অনেক আকর্ষণ অনুভব করি। নায়িকাকে নিয়ে আলোচনা করি। কিন্তু দুঃখের বিষয় আমরা সুবর্ণকে নিয়ে আলোচনা করার সময় পাই না। প্রেসিডেন্ট ওবামা সুবর্ণর জন্য কলম ধরেছে। কিন্তু আমরা তার জন্য কিছু লিখিনি। নায়িকাদের দেখানোর জন্য চেহারা আছে। যেটা দেখে আমরা তাদের প্রতি আকর্ষণ বোধ করি। কিন্তু সুবর্ণর অসাধারণ মেধা এবং সৃষ্টি আছে। যেটা নায়িকাদের সুন্দর চেহারার চেয়ে ভাল এবং দামি। যেটা দিয়ে কিছু সংখ্যক মানুষ নয়, পুরো বিশ্বকে আকর্ষণ বোধ করানো সম্ভব।

পহেলা অক্টোবর রাত জেগে অপেক্ষা করেছি। কিন্তু সুবর্ণ নোবেল পায়নি। এটা সুবর্ণর ব্যর্থতা নয়। বরং নোবেলের ব্যর্থতা। নোবেল সুবর্ণর মত একজন ক্ষুদ্রে বিজ্ঞানির ছোঁয়া পায়নি। আগামি বছর আবার অপেক্ষা করবো সুবর্ণর নোবেলের জন্য। সবাই সুবর্ণকে আজ ক্ষুদ্রে আইনস্টাইন বলে চিনেছে। একদিন সুবর্ণকে তার নিজের নামে সবাই চিনবে। সেখানে আইনস্টাইনের নামের প্রয়োজন হবে না। সুবর্ণ শুধু আমাদের দেশের গর্ব নয়। পুরো বিশ্বের গর্ব। সুবর্ণ একদিন নোবেল জিতবে। সেদিন আমি বুক ফুলিয়ে বলবো, আমার সুবর্ণর জন্য লেখার সৌভাগ্য হয়েছিল। আমি তার জন্য লিখতে পেরেছিলাম।

জুবায়ের হাসান রাব্বি । পাবনা কলেজ, পাবনা, jubaerhasanrabbyy@gmail.com